

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (A Unit)

শিক্ষাবর্ষ : 2017-2018 [Set- 1]

০১. যথেষ্ট শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?

- A. যথা + ইষ্ট
B. যথা + এষ্ট
C. যথঃ + এষ্ট
D. যথা + ঈষ্ট

ব্যাখ্যা : অ/আ + ই/ঈ = এ হয়। যেমন-

- যথা + ইষ্ট = যথেষ্ট
• অভ + ইচ্ছা = অভ্যেচ্ছা
• অপ + ঈক্ষা = অপেক্ষা
• ঢাকা + ঈশ্বরী = ঢাকেশ্বরী

Ans : A.

০২. বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় লিখিত 'বিড়াল' কি ধরনের রচনা?

- A. উপন্যাস B. প্রবন্ধ C. গল্প D. কবিতা

ব্যাখ্যা : বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় লিখিত 'বিড়াল' রচনাটি হলো লেখকের একটি প্রবন্ধ। তিন অংশে বিভক্ত 'কমলাকান্তের দণ্ডর' গ্রন্থটিতে একটি প্রবন্ধ আছে, তার মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য রচনা 'বিড়াল'। লেখকের কিছু উল্লেখযোগ্য সাহিত্যিকর্ম

প্রবন্ধ	কমলাকান্তের দণ্ডর	সাম্য	লোকরহস্য (ব্যঙ্গ)	বিবধ প্রবন্ধ
উপন্যাস	দুর্গেশনন্দিনী	কপাল কুন্ডলা	কৃষ্ণকান্তের উইল	Rajmohan's wife
কাব্যগ্রন্থ	ললিতা তথা মানস (লেখকের প্রথম কাব্য গ্রন্থ)			

Ans : B.

০৩. নুরলদীনের ডাকে কত খ্রিষ্টাব্দে বাংলার মানুষ জেগে উঠেছিল?

- A. ১৭৮২
B. ১৭৮৭
C. ১৮৫৭
D. ১৯৭১

ব্যাখ্যা : 'নুরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার গুরুত্বপূর্ণ কিছু তথ্য -
• নুরুলদীন রংপুরে আন্দোলনের ডাক দিয়েছিলেন- বাংলা ১১৮৯ সনে (১৭৮২ ইং)

- হঠাৎ নিলক্ষার নীলে তীব্র শীস দিয়ে দেখা যায় - বড় চাঁদ।
- নিলক্ষা অর্থ- দৃষ্টিশীমা অতিক্রমী।
- কবি সকলকে মিনতি করেছেন - গোল হয়ে বসতে।
- নুরলদীনের কথা সারা দেশে মেমে আসে - পাহাড়ী ঢলের মতো।
- ১৭৮৩ খ্রিষ্টাব্দে রংপুর - দিনাজপুর অঞ্চলে হয়েছিল - সামন্তবাদ-সম্রাজ্যবাদ বিরোধী আন্দোলন।

Ans : A.

04. Which one is the synonym of the word 'manifestation'?

- A. Presentation
B. Right
C. Testimony
D. Change

ব্যাখ্যা : Manifestation - প্রকাশ/প্রদর্শন

Synonym : Presentation, Symptom, Expression

Antonym : Conceal, Hide, Cover up

Ans : A.

05. Which organ is the word 'visible' associated with?

- A. Ear
B. Nose
C. Eyes
D. Hands

ব্যাখ্যা : Visible - দৃশ্যমান/দর্শনসাধ্য

Ear - কান; Nose - নাক; Eyes - চোখ; Hands - হাত

তাই 'Visible' associated with Eyes.

Ans : C.

06. Following which state '21st century skills' most?

- A. Critical thinking
B. Solving complex problems
C. Communicating & collaborating
D. All of the above

ব্যাখ্যা : 21st century skill Seven Cs' নামে পরিচিত-

- (i) Critical thinking and doing,
(ii) Creativity
(iii) Collaboration
(iv) Cross-cultural understanding
(v) Communication
(vi) Computing
(vii) Career and Learning Self-reliance

Ans : D.

০৭. পৃথিবীর ঘনত্ব কত?

- A. ৫.৫
B. ৬.৪
C. ৪.৫
D. ৭.৬

ব্যাখ্যা : • পৃথিবীর পরিমাপ :

ব্যাসার্ধ	৬৩৭১ কি.মি. বা ৩৯৫৮ মাইল
পরিধি	৪০,০৭৫ কি.মি. বা ২৪৯০২ মাইল
ভর	৫.৯৭২৩৭ × ১০ ^{২৪} কেজি
আপেক্ষিক গুরুত্ব/ঘনত্ব	৫.৫
আনুমানিক বয়স	৪৫০ কোটি বছর

Ans : A.

০৮. কোনটি পাললিক শিলা?

- A. কয়লা
B. রায়েলাইট
C. থানাট
D. সবগুলো

ব্যাখ্যা : • পাললিক শিলা- ভূপৃষ্ঠের প্রাচীন বা প্রাথমিক শিলা ভাগ, চাপ, বৃষ্টিপাত, তরঙ্গ দ্বারা প্রাপ্ত হয়ে নদীর তলদেশে স্তরে স্তরে সঞ্চিত হয়ে যে শিলায় পরিণত হয়, তাই পাললিক শিলা।

• পাললিক শিলার উদাহরণ- কয়লা, চূনাপাথর, পিট, বিটুমিনাস, চক, কোকিনা, জেলোমাইট, জিপসাম, নুড়ি পাথর, বেলে পাথর, কর্দম পাথর

Ans : A.

০৯. ভূমিকম্প পরিমাপক যন্ত্রের নাম কী?

- A. ব্যারোমিটার
B. ম্যানোমিটার
C. সিসমোমিটার
D. সিসমোগ্রাফ

ব্যাখ্যা : • ভূমিকম্প পরিমাপক যন্ত্রের নাম - সিসমোগ্রাফ (ভূমিকম্প লিখন যন্ত্র)

- ভূমিকম্পের মাত্রা নির্ণায়ক যন্ত্রের নাম- রিখটার স্কেল
- রিখটার স্কেলে ভূমিকম্পের তীব্রতা মাপা যায় - ১-১০ পর্যন্ত

Ans : D.

১০. বিগ ব্যাং তত্ত্বের আধুনিক ব্যাখ্যা উপস্থাপনা করেন কে?

- A. জর্জ লেমিটার
B. স্টিফেন হকিংস
C. আইনস্টাইন
D. হাবল

ব্যাখ্যা : • বিগ ব্যাং তত্ত্বের আধুনিক ব্যাখ্যা উপস্থাপনা করেন- স্টিফেন হকিং।

• মহাবিশ্বের সমস্ত বস্তু সংকুচিত একটি বিন্দুর মত ছিল। ঠিক যে একটি অতি পরমাণু।

• এই অতি পরমাণু বিস্ফোরণ ঘটে- ১৫ শত কোটি বছর পূর্বে।

• স্টিফেন হকিংস বিগ ব্যাং তত্ত্ব উপস্থাপনা করেন- 'এ ব্রিফ হিস্টরি অব টাইম' গ্রন্থে।

Ans : B.

১১. বিশ্বস্বাস্থ্য সংস্থা কর্তৃক নির্ধারিত আর্সেনিকের নিরাপদ মাত্রা (mg/L) কত?
 A. 0.07 B. 0.03
 C. 0.01 D. 0.05

ব্যাখ্যা: • বিশ্বস্বাস্থ্য সংস্থা কর্তৃক নির্ধারিত আর্সেনিক নিরাপদ মাত্রা- 0.01 mg/L.
 • বিশ্বস্বাস্থ্য সংস্থার নাম অনুযায়ী- ১ লিটার পানিতে ১০ মাইক্রোগ্রাম আর্সেনিক থাকলে পানি দূষিত।
Ans : C.

১২. 'গ্রীণহাউজ ইফেক্ট' এর পরিনতিতে বাংলাদেশের সবচেয়ে গুরুতর ক্ষতি কোনটি হবে?
 A. বৃষ্টিপাত কমে যাবে B. উত্তাপ অনেক কমে যাবে
 C. নিম্নভূমি নিমজ্জিত হবে D. সাইক্লোনের প্রবনতা বাড়বে

ব্যাখ্যা : 'গ্রীণহাউজ ইফেক্ট' এর পরিনতিতে বাংলাদেশের সবচেয়ে গুরুতর ক্ষতি হবে - নিম্নভূমি নিমজ্জিত হবে।
Ans : C.


১৩. কোনটি প্রাকৃতিক পরিবেশ দূষণ?
 A. ভূমিকম্প B. সাইক্লোন
 C. এসিড বৃষ্টি D. বন্যা

Ans : C.

১৪. সুনামি কী?
 A. সামুদ্রিক ভূমিকম্প B. সামুদ্রিক জলোচ্ছাস
 C. সামুদ্রিক নিম্নচাপ D. সামুদ্রিক ঘূর্ণিঝড়

ব্যাখ্যা : • সুনামি হল সাগর বা নদী বা অন্য কোন জলক্ষেত্রে ভূমিকম্পের প্রভাবে সৃষ্ট জলোচ্ছাস বা ঢেউ
 • 'সুনামি' শব্দটি জাপানী শব্দ।
 • 'সুনামি' শব্দটি ইংরেজী বানান - Tsunami.
 • 'সুনামি' শব্দের অর্থ - পোতাশ্রয়ের ঢেউ।
Ans : A.

১৫. ম্যাট্রিক্স M এর আকার 4×3 এবং N এর আকার 3×5 হলে MN এর আকার কোনটি?
 A. 4×4 B. 4×5
 C. 3×5 D. 3×4

ব্যাখ্যা: 
Ans : B.

১৬. $|3x - 1| < 2$ এর সমাধান কোনটি?
 A. $(-\infty, \frac{1}{3})$ B. $(-\frac{1}{3}, 0)$
 C. $(-\frac{1}{3}, 1)$ D. $(-\frac{1}{3}, \infty)$

ব্যাখ্যা: $|3x - 1| < 2 \Rightarrow -2 < 3x - 1 < 2$
 $\Rightarrow -1 < 3x < 3$
 $\Rightarrow -\frac{1}{3} < x < 1$
 $\therefore x = (-\frac{1}{3}, 1)$
Ans : C.

১৭. x এর মান বাস্তব হলে $-4x^2 + 4ax + b^2$ এর সর্বোচ্চ মান কোনটি?
 A. $a^2 + b^2$ B. $2a^2 - b^2$
 C. $a^2 - b^2$ D. $a^2 + 2b^2$

ব্যাখ্যা: সর্বোচ্চ মান = $\frac{4ac - b^2}{4a} = \frac{4(-4).b^2 - (4a)^2}{4(-4)}$
 $= \frac{-16b^2 - 16a^2}{-16} = a^2 + b^2$
Ans : A.

১৮. $(1 - x)^8$ এর বিকৃতিতে x^5 এর সহগ কোনটি?
 A. -49 B. 56 C. 64 D. -56

ব্যাখ্যা: $(1 - x)^8$ এর বিকৃতিতে x^5 এর সহগ = ${}^8C_5 \cdot 1^{8-5} \cdot (-1)^5 = -56$
Ans : D.

১৯. ${}^{10}C_3 + ? = {}^{11}C_3$ হলে? চিহ্নিত স্থানে কোনটি হবে?
 A. ${}^{10}C_4$ B. ${}^{10}C_2$ C. ${}^{11}C_2$ D. ${}^{11}C_4$

ব্যাখ্যা: ${}^nC_r + {}^nC_{r-1} = {}^{n+1}C_r$
 $\Rightarrow {}^{10}C_3 + {}^{10}C_{3-1} = {}^{10+1}C_3$
 $\Rightarrow {}^{10}C_3 + {}^{10}C_2 = {}^{11}C_3$
 $\therefore ? = {}^{10}C_2$
Ans : B.

২০. $mi + 0.4j$ একক ভেক্টর হলে m এর মান কোনটি?
 A. $\sqrt{0.40}$ B. $\sqrt{0.60}$ C. $\sqrt{0.84}$ D. $\sqrt{0.64}$

ব্যাখ্যা: $mi + 0.4j$ একক ভেক্টর হলে, $\sqrt{m^2 + (0.4)^2} = 1$
 $\Rightarrow m^2 = 1 - 0.16$
 $\Rightarrow m^2 = 0.84$
 $\therefore m = \sqrt{0.84}$
Ans : C.

২১. $(1, -\sqrt{3})$ বিন্দুটির পোলার স্থানাংক কোনটি?
 A. $(-2, \frac{2\pi}{3})$ B. $(2, \frac{\pi}{3})$
 C. $(0, \frac{2\pi}{3})$ D. $(2, \frac{2\pi}{3})$

ব্যাখ্যা: $(1, -\sqrt{3})$ এর পোলার স্থানাংক = $(\sqrt{1^2 + (-\sqrt{3})^2}, \tan^{-1} \frac{-\sqrt{3}}{1})$
 $= (2, 2\pi - \frac{\pi}{3}) = (2, \frac{5\pi}{3})$
Ans : Blank.

২২. P বিন্দুর কোটি -4 ; x-অক্ষ থেকে P বিন্দুর দূরত্ব, y-অক্ষ থেকে এর দূরত্বের অর্ধেক হলে P এর স্থানাংক কোনটি?
 A. (8, -4) B. (-4, 8)
 C. (-8, -4) D. (2, -4)

ব্যাখ্যা: ধরি, P বিন্দুর স্থানাংক (a, -4)
 $\therefore 4 = \frac{1}{2}|a| \Rightarrow |a| = 8 \Rightarrow a = \pm 8$
 $\therefore P = (8, -4)$ or $P = (-8, -4)$
Ans : A & C.

২৩. a এর মান কত হলে $3x + 5y + 7 = 0$ ও $x - ay + 11 = 0$ রেখাঘন পরস্পর সমান্তরাল হবে?

- A. $\frac{3}{5}$ B. $-\frac{3}{5}$ C. $-\frac{5}{3}$ D. $\frac{5}{3}$

ব্যাখ্যা : $3x + 5y + 7 = 0$ ও $x - ay + 11 = 0$ সমান্তরাল হলে,

$$\frac{3}{1} = \frac{5}{-a} \Rightarrow a = \frac{5}{-3}$$

Ans : C.

২৪. $y^2 = 9x + 6y$ পরাবৃত্তটির শীর্ষবিন্দু কোনটি?

- A. (-1, 3) B. (3, 1)
C. (-1, -3) D. (1, 3)

ব্যাখ্যা : $y^2 = 9x + 6y$

$$\Rightarrow y - 6y + 9 = 9x + 9$$

$$\Rightarrow (y - 3)^2 = 9(x + 1)$$

\therefore শীর্ষবিন্দু (-1, 3)

Ans : A.

২৫. $(x - 3)^2 + (y + 5)^2 = 16$ বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করে ; বৃত্তটির ব্যাসার্ধ কোনটি?

- A. 3 B. -3 C. 5 D. -5

ব্যাখ্যা : $(x - 3)^2 + (y + 5)^2 = 16$ বৃত্তটি x-অক্ষকে স্পর্শ করলে,

$$r = |k| = 5$$

[কিন্তু প্রশ্নটি অসঙ্গতিপূর্ণ; যেহেতু এর ব্যাসার্ধ প্রশ্নে 4 দেয়া আছে]

Ans : C.

২৬. $f(x) = \frac{1}{\sqrt{7x-3}}$ এর ডোমেন কোনটি?

- A. $(-\infty, \frac{7}{3})$ B. $(0, \frac{7}{3})$ C. $(0, \frac{3}{7})$ D. $(\frac{3}{7}, \infty)$

ব্যাখ্যা : $f(x) = \frac{1}{\sqrt{7x-3}}$

$$\text{এখানে, } 7x - 3 > 0 \Rightarrow x > \frac{3}{7}$$

$$\therefore \text{ডোমেন} = \left(\frac{3}{7}, \infty\right)$$

Ans : D.

২৭. $f(x) = x^2 - 3$ হলে $f^{-1}(13) = ?$

- A. {-4, 4} B. {4, 0}
C. {-4} D. {-4, 0}

ব্যাখ্যা : শর্তমতে, $x^2 - 3 = 13 \Rightarrow x = \pm 4$

$$\therefore f^{-1}(13) = \{-4, 4\}$$

Ans : A.

২৮. $f(x) = \ln(1 + 2x)$ হলে $f'(0) = ?$

- A. 1 B. 2 C. $\frac{1}{2}$ D. 3

ব্যাখ্যা : $f(x) = \ln(1 + 2x) \Rightarrow f'(x) = \frac{2}{1+2x}$

$$\therefore f'(0) = 2$$

Ans : B.

২৯. $\int \frac{dx}{\sqrt{2-x}} = ?$

- A. $2\sqrt{2-x}$ B. $\frac{\sqrt{2-x}}{2}$
C. $-2\sqrt{2-x}$ D. $-\frac{1}{2\sqrt{2-x}}$

ব্যাখ্যা : $\int \frac{dx}{\sqrt{2-x}} = -2\sqrt{2-x} + c$

Ans : C.

৩০. $\int 5^{ax} dx = ?$

- A. $\frac{5^{ax}}{\ln 5}$ B. $\frac{5^{ax}}{5 \ln a}$ C. $\frac{\ln a 5^{ax}}{5}$ D. $\frac{5^{ax}}{a \ln 5}$

ব্যাখ্যা : $\int 5^{ax} dx = \frac{1}{a} \frac{5^{ax}}{\ln 5} + c$

Ans : D.

৩১. $y = 3x$, x-অক্ষের সাথে ও $x = 4$ দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত?

- A. 24 B. 12
C. 48 D. 36

ব্যাখ্যা : $x = 4$ হলে, $y = 3 \times 4 = 12$

$$\therefore \text{ক্ষেত্রফল} = \frac{1}{2} \times x \times y = \frac{1}{2} \times 4 \times 12 = 24$$

Ans : A.

৩২. $f(\theta) = \sec \theta$ এর ডোমেন কোনটি?

- A. R
B. $R - \left\{ \frac{n\pi}{2} : n \in Z \right\}$
C. $R - \{n\pi : n \in Z\}$
D. $R - \left\{ (2n+1) \frac{\pi}{2} : n \in Z \right\}$

ব্যাখ্যা : $f(\theta) = \sec \theta$ এর ডোমেন = $R - \left\{ (2n+1) \frac{\pi}{2} ; n \in Z \right\}$

Ans : D.

৩৩. $P + Q = \frac{\pi}{4}$ হলে $(1 + \tan P)(1 + \tan Q) = ?$

- A. 1 B. 3
C. 2 D. -2

ব্যাখ্যা : $\tan(P + Q) = \frac{\tan P + \tan Q}{1 - \tan P \tan Q}$

$$P + Q = \frac{\pi}{4}$$

$$\therefore \tan \frac{\pi}{4} = 1 = \frac{\tan P + \tan Q}{1 - \tan P \tan Q}$$

$$\Rightarrow \tan P + \tan Q + \tan P \tan Q = 1$$

$$\therefore (1 + \tan P)(1 + \tan Q) = 1 + (\tan P + \tan Q + \tan P \tan Q) = 1 + 1 = 2$$

Ans : C.

৩৪. $f(x) = 3x^2 - 2x + 4$ ফাংশনটির চরম বিন্দু কোনটি?

- A. 2 B. $\frac{1}{3}$ C. $\frac{2}{3}$ D. $\frac{1}{-2}$

ব্যাখ্যা : চরম বিন্দুর জন্য, $f'(x) = 0 \Rightarrow 6x - 2 = 0$

$$\therefore x = \frac{1}{3}$$

Ans : B.

৩৫. 1 টি বাবু 5 টি লাল, 10 টি কালো এবং 6 টি সাদা বল আছে। বাবু থেকে দৈবভাবে 1 টি বল নেয়া হলো। বলটি কালো বা লাল হবার সম্ভাবনা কত?

- A. $\frac{11}{21}$ B. $\frac{5}{21}$
C. $\frac{10}{21}$ D. $\frac{15}{21}$

ব্যাখ্যা : মোট বল = 21 টি

$$\therefore P(\text{কালো বা লাল}) = \frac{10}{21} + \frac{5}{21} = \frac{15}{21}$$

Ans : D.

৩৬. 5, 7, 3, 1 সংখ্যাগুলোর ভেদাঙ্ক কোনটি?

- A. 5 B. 15
C. 4 D. $\sqrt{5}$

$$\text{ব্যাখ্যা : } \bar{x} = \frac{5+7+3+1}{4} = 4$$

$$\text{ভেদাঙ্ক} = \frac{(5-4)^2 + (7-4)^2 + (3-4)^2 + (1-4)^2}{4} = \frac{1+9+1+9}{4} = 5$$

Ans : A.

৩৭. দুটি ভেক্টর একই দিকে ক্রিয়ারত থাকলে লব্ধির মান হবে-

- A. সর্বাধিক B. সর্বনিম্ন
C. শূন্য D. কোনটিই নয়

ব্যাখ্যা : • দুটি ভেক্টর একই দিকে ক্রিয়ারত থাকলে লব্ধির মান সর্বোচ্চ হয় এবং যোগফলের সমান হয়।

• বিপরীত দিকে থাকলে সর্বনিম্ন এবং বিয়োগ মানের সমান হয়।

Ans : A.

৩৮. স্কেলারের গুণন বিনিময় সূত্র-

- A. মেনে চলে না B. মেনে চলে
C. A এবং B উভয়েই D. কোনটিই নয়

$$\text{ব্যাখ্যা : স্কেলার গুণন বিনিময় সূত্র মেনে চলে } \vec{A} \cdot \vec{B} = AB \cos \alpha = BA \cos \alpha$$

Ans : B.

৩৯. গতি প্রধানত

- A. 7 প্রকার B. 2 প্রকার C. 5 প্রকার D. 10 প্রকার

ব্যাখ্যা : গতি প্রধানত ২ প্রকার-


- ১। পরম গতি ২। আপেক্ষিক গতি

Ans : B.

৪০. $s = s_0 + vt$, এখানে s বনাম t লেখ একটি-

- A. বৃত্ত B. সরলরেখা
C. উপবৃত্ত D. পরাবৃত্ত

ব্যাখ্যা : $s = s_0 + vt$; s বনাম t লেখ একটি সরলরেখা।



Ans : B.

৪১. একটি ট্রেন ঘণ্টায় 60 km বেগে চলা অবস্থায় ব্রেক কষে 50 cm/s² মন্দন সৃষ্টি করা হলো। ট্রেনটি কত দূর গিয়ে থেমে যাবে?

- A. 277.89 m B. 278.89 m
C. 279.89 m D. 280.89 m

$$\text{ব্যাখ্যা : } u = 60 \text{ kmh}^{-1} = \frac{60}{3.6} \text{ ms}^{-1} = 16.67 \text{ ms}^{-1}$$

$$a = 50 \text{ cms}^{-2} = 0.5 \text{ ms}^{-2}$$

$$\text{এখন, } v^2 = u^2 - 2as \Rightarrow s = \frac{u^2}{2a} = 277.89 \text{ m}$$

Ans : A.

৪২. কৌণিক বেগের মাত্রা-

- A. T⁻² B. T⁻¹
C. T² D. T³

ব্যাখ্যা :

রাশি	একক	রাশি	একক
জড়তার ভ্রামক	[ML ²]	কৌণিক বেগ	[T ⁻¹]
কৌণিক ত্বরণ	[T ⁻²]	টর্ক	[ML ² T ⁻²]

Ans : B.

৪৩. 30N বল 5 kg ভরের একটি বস্তুর উপর 10 sec ক্রিয়া করে। বস্তুর ভরবেগের পরিবর্তন কত হবে?

- A. 400 kg ms⁻¹ B. 300 kg ms⁻¹
C. 500 kg ms⁻¹ D. 100 kg ms⁻¹

$$\text{ব্যাখ্যা : } F = ma = \frac{mv - mu}{t}$$

$$\Rightarrow (mv - mu) = Ft = 30 \times 10 = 300 \text{ kgms}^{-1}$$

Ans : B.

৪৪. 55kg ভরের এক ব্যক্তি 3 সেকেন্ডে 3m উঁচু একটি সিঁড়ি বেয়ে উপরে উঠে। ব্যক্তির ক্ষমতা কত?

- A. 539 watt B. 639 watt
C. 739 watt D. 839 watt

$$\text{ব্যাখ্যা : ক্ষমতা, } P = \frac{mgh}{t} = \frac{55 \times 9.8 \times 3}{3} = 539 \text{ watt}$$

Ans : A.

৪৫. পৃষ্ঠ হতে কত উচ্চতায় অভিকর্ষজ ত্বরণের মান 4.9 m/s² হবে?

- A. 0.993m B. 0.995 m
C. 0.997 m D. 0.998 m

$$\text{ব্যাখ্যা : } \frac{g_h}{g} = \left(\frac{R}{R+h} \right)^2 \Rightarrow \frac{4.9}{9.8} = \left(\frac{R}{R+h} \right)^2 \Rightarrow \sqrt{2}R = R+h$$

$$\therefore \text{উচ্চতা, } h = (\sqrt{2} - 1)R = (\sqrt{2} - 1) \times 6.4 \times 10^6 = 2.65 \times 10^6 \text{ m}$$

Ans : নাই.

৪৬. অভিকর্ষজ ত্বরণ 9.8 m/s^2 হলে একটি সেকেন্ড দোলকের কার্যকর দৈর্ঘ্য বের কর।
A. 0.993 m B. 0.995 m C. 0.997 m D. 0.998 m

ব্যাখ্যা : দোলনকাল, $T = 2\pi \sqrt{\frac{L}{g}}$
 \therefore কার্যকরী দৈর্ঘ্য, $L = \frac{T^2 g}{4\pi^2} = \frac{2^2 \times 9.8}{4\pi^2} = 0.993 \text{ m}$

Ans : A.

৪৭. একটি তারের দৈর্ঘ্য 3m, ব্যাস 0.002m, অসহ পীড়ন $6 \times 10^7 \text{ Nm}^{-2}$ । তারটির অসহ ওজন কত?

- A. 190.4 N B. 170.4 N
C. 188.4 N D. 200.4 N

ব্যাখ্যা : অসহ ওজন = অসহ পীড়ন \times প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল
 $= 6 \times 10^7 \times \pi \times \left(\frac{0.002}{2}\right)^2 = 188.4 \text{ N}$

Ans : C.

৪৮. লাল অপসারণের মাধ্যমে বোঝা যায়-

- A. গ্যালাক্সিগুলো পরস্পর দূরে সরে যাচ্ছে.
B. গ্যালাক্সিগুলো পরস্পর কাছে চলে আসছে
C. লাল আলো আরো বিকশিত হচ্ছে
D. সময়ের সংকোচন শুরু হচ্ছে

ব্যাখ্যা : • লাল অপসারণ : গ্যালাক্সিগুলো পরস্পর থেকে দূরে সরে যাচ্ছে।
• নীল অপসারণ : আলো যখন মহাকর্ষীয় ক্ষেত্রের দিকে ধাবমান হয় তখন তার শক্তি বাড়তে থাকে ও নীল আলো অপসারিত হয়।

Ans : A.

৪৯. কোন গেইটটি OR এবং NOT গেইট দিয়ে তৈরী?

- A. NAND B. X-OR C. NOR D. OR

ব্যাখ্যা : NOR গেইট : OR এবং NOT গেইট যুক্ত করে।
NAND গেইট : AND এবং NOT গেইট যুক্ত করে।
XOR গেইট : OR, And এবং NOT গেইট যুক্ত করে।

Ans : C.

৫০. বোরের স্বীকার্ব অনুযায়ী অনুমোদিত ইলেকট্রনের কৌণিক ভরবেগ হল-

- A. $2\pi/nh$ B. $nh/2\pi$ C. $n 2\pi/h$ D. $n 2h/\pi$

ব্যাখ্যা : বোরের পরমাণু মডেলের স্বীকার্ব অনুযায়ী ইলেকট্রনের কৌণিক ভরবেগ = $\frac{nh}{2\pi}$ এখানে $n = 1, 2, 3, \dots$ ইত্যাদি।

Ans : B.

৫১. প্লাঙ্কের ধ্রুবকের মান-

- A. $6.626 \times 10^{-34} \text{ Js}$ B. $8.85 \times 10^{-12} \text{ Js}$
C. $8.85 \times 10^{-12} \text{ C}^2 \text{ N}^{-1} \text{ m}^{-2}$ D. $6.626 \times 10^{-34} \text{ C}^2 \text{ N}^{-1} \text{ m}^{-2}$

ব্যাখ্যা : প্লাঙ্কের ধ্রুবক, $h = 6.626 \times 10^{-34} \text{ Js}$

Ans : A.

৫২. একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যে পথ পার্থক্য $\lambda/4$ হলে বিন্দুদ্বয়ের মধ্যে দশা পার্থক্য-

- A. $\pi/3$ B. $\pi/2$ C. $\pi/4$ D. $\pi/8$

ব্যাখ্যা : দশা পার্থক্য = $\frac{2\pi}{\lambda} \times$ পথ পার্থক্য = $\frac{2\pi}{\lambda} \times \frac{\lambda}{4} = \frac{\pi}{2}$

Ans : B.

৫৩. একটি আলোক রশ্মি শূন্য মাধ্যমে প্রবেশ করলে এতে-

- A. তরঙ্গ দৈর্ঘ্য হ্রাস পায় B. কম্পাঙ্ক হ্রাস পায়
C. তরঙ্গবেগ অপরিবর্তিত থাকবে D. কোনটিই নয়

ব্যাখ্যা : আলোক রশ্মির বেগ সর্বদা ধ্রুব থাকে। $c = 3 \times 10^8 \text{ ms}^{-1}$
Ans : C.

৫৪. আরোহী ট্রান্সফর্মার দিয়ে কোন ধরনের পরিবর্তিত তড়িৎচালক বলকে কোন ধরনের তড়িৎচালক বলে পরিবর্তন করা হয়-

- A. নিম্ন থেকে উচ্চ বিভবের পরিবর্তি প্রবাহে
B. উচ্চ থেকে নিম্ন বিভবের পরিবর্তি প্রবাহে
C. উচ্চ থেকে নিম্ন বিভবের সমবর্তি প্রবাহে
D. কোনটিই নয়

ব্যাখ্যা : • আরোহী ট্রান্সফর্মার : অল্প বিভবের অধিক তড়িৎ প্রবাহকে অধিক বিভবের অল্প তড়িৎ প্রবাহে পরিবর্তন করে।

• আরোহী ট্রান্সফর্মার : অধিক বিভবের অল্প তড়িৎ প্রবাহকে অল্প বিভবের অধিক তড়িৎ প্রবাহে রূপান্তরিত করে।

Ans : A.

৫৫. একটি দীর্ঘ সোজা তারের ভেতর 10 amp তড়িৎ প্রবাহের প্রভাবে 0.025m দূরে কোন বিন্দুতে চৌম্বক আবেশ-

- A. $4\mu\text{T}$ B. $\frac{1}{8}\mu\text{T}$ C. $8\mu\text{T}$ D. কোনটিই নয়


ব্যাখ্যা : $B = \frac{\mu_0 I}{2\pi a} = \frac{4\pi \times 10^{-7} \times 10}{2\pi \times 0.025} = 80 \times 10^{-6} \text{ T} = 80\mu\text{T}$

Ans : D.

৫৬. একটি 3 ওহম রোধের তারকে সমবাহু ত্রিভুজের আকারে বাঁকানো হলো। একটি বাহুর দুই প্রান্তের রোধের মান-

- A. 1 B. 2 C. 3/2 D. 2/3

ব্যাখ্যা :



$\therefore R = \left(\frac{1}{2} + 1\right)^{-1} = \frac{2}{3} \Omega$

Ans : D.

৫৭. 0.002Kg ভরের একটি শোলার বল 10^{-4} কুলম্ব চার্জে চার্জিত। বলটিকে স্থির রাখতে হলে কত তড়িৎ ক্ষেত্রের প্রয়োজন হবে?

- A. $\frac{0.002 \times 9.8}{10^{-4}}$ B. $\frac{0.002 \times 10^{-4}}{9.8}$
C. $\frac{10^{-4}}{0.002}$ D. 0.002×10^{-4}

ব্যাখ্যা : $E = \frac{F}{q} = \frac{mg}{q} = \frac{0.002 \times 9.8}{10^{-4}}$

Ans : A.

৫৮. একটি জলন্ত চুলার পাশে দাঁড়ালে গরম অনুভূত হওয়ার কারণ?

- A. পরিবহন B. পরিচালন C. বিকিরণ D. সকলেই

ব্যাখ্যা : পরিবহন : মাধ্যমের কণাগুলোর অবস্থানের পরিবর্তন হয় না।
পরিচালন : মাধ্যমের কণাগুলোর অবস্থানের পরিবর্তন হয়।
বিকিরণ : মাধ্যমের প্রয়োজন নেই।

Ans : C.

৫৯. অ্যালকোহল দ্বারা পরিষ্কার করা হয়-

- i) অ্যামোনিয়াম হাইড্রসালফাইড
ii) গ্রিজ
iii) তেল। কোনটি সঠিক?

- A. i ও ii B. i ও iii
C. ii ও iii D. i, ii ও iii

ব্যাখ্যা : • অ্যালকোহল দ্বারা গ্রিজ ও তেল পরিষ্কার করা হয়।

- ব্যুরেট রিপল করতে ক্রোমিক এসিড ($K_2Cr_2O_7$ ও গাঢ় H_2SO_4 এর মিশ্রণ) ব্যবহৃত হয়। কার্বিনোজেনিক কাঁচ যন্ত্রপাতি পরিষ্কারে ক্রোমিক এসিড ব্যবহৃত হয়।
- কাঁচপত্র বেশি ময়লাযুক্ত ও তৈলাক্ত হলে ধুমায়িত HNO_3 + গাঢ় H_2SO_4 ব্যবহৃত হয়।
- কাঁচের যন্ত্রকে জীবাণুমুক্ত করতে ইথানল ব্যবহৃত হয়।
- অ্যাসিটোন দ্বারা গ্রিজ পরিষ্কার করা হয়।
- গ্রাসের ময়লা দূরীকরণে সবচেয়ে শক্তিশালী হাইড্রোফ্লোরিক এসিড।
- টেস্টটিউবে থাকা K_2SO_4 দূর করার জন্য K_2SO_4 ব্যবহৃত হয়।

Ans : C.

৬০. $^{14}_6C$ ও $^{15}_7N$ পরস্পর-

- A. আইসোটোন B. আইসোটোপ
C. আইসোবার D. কোনটিই নয়

ব্যাখ্যা : • নিউট্রন সংখ্যা = ভর সংখ্যা - প্রোটন সংখ্যা

$^{14}_6C$ এ নিউট্রন সংখ্যা = $14 - 6 = 8$

$^{15}_7N$ এ নিউট্রন সংখ্যা = $15 - 7 = 8$

$^{14}_6C$ এবং $^{15}_7N$ হল পরস্পরের আইসোটোন। কারণ এদের নিউট্রন সংখ্যা সমান হলেও ভর সংখ্যা ও প্রোটন সংখ্যা ভিন্ন।

- আইসোটোপ = প্রোটন সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা ভিন্ন।
- আইসোবার = ভর সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ভিন্ন।

Ans : A.

৬১. 3_1H এ নিউট্রন সংখ্যা-

- A. 1 টি B. 0 টি
C. 2 টি D. কোনটিই নয়

ব্যাখ্যা : নিউট্রন সংখ্যা = ভর সংখ্যা - প্রোটন সংখ্যা

3_1H এ নিউট্রন সংখ্যা = $3 - 1 = 2$ টি

Ans : C.

৬২. $^{24}Cr^{3+}$ আয়নে অযুগ্ম ইলেকট্রন সংখ্যা-

- A. 5 টি B. 3 টি
C. 6 টি D. কোনটিই নয়

ব্যাখ্যা : ^{24}Cr এর ইলেকট্রন বিন্যাস = $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5 4s^1$

$^{24}Cr^{3+} = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^3$

$^{24}Cr^{3+}$ আয়নে অযুগ্ম ইলেকট্রন সংখ্যা 3 টি।

Ans : B.

৬৩. পরমাণুর কোন ইলেকট্রন নিম্ন শক্তিস্তর থেকে উচ্চ শক্তিস্তরে গমন করলে-

- i) শক্তি শোষণ করে
ii) পরমাণুর স্থিতি বৃদ্ধি পায়
iii) শোষিত শক্তির পরিমাণ $\Delta E = hv$ কোনটি সঠিক?
A. i ও ii B. i ও iii
C. ii ও iii D. i, ii ও iii

ব্যাখ্যা : • যখন কোনো ইলেকট্রন একটি কক্ষপথ বা শক্তিস্তর হতে অন্য শক্তি বা কক্ষপথে লাফিয়ে চলে, তখন এ ইলেকট্রন দ্বারা নির্দিষ্ট পরিমাণ শক্তি শোষিত বা বিকিরিত হয়।

• যখন নিম্নশক্তিস্তর হতে উচ্চ শক্তিস্তরে লাফিয়ে চলে তখন শক্তির শোষণ এবং যখন উচ্চ শক্তিস্তর হতে নিম্নশক্তিস্তরে লাফিয়ে চলে তখন শক্তির বিকিরণ ঘটে।

• এক্ষেত্রে শোষিত শক্তি, $\Delta E = E_2 - E_1 = hv$

Ans : B.

৬৪. অ্যামোনিয়াম আয়ন শনাক্তকরণে কোন বিকারক ব্যবহৃত হয়?

- A. নেসলার
B. সিলভার নাইট্রেট
C. পটাশিয়াম পাইরো অ্যান্টিমোনেট
D. বেরিয়াম ক্রোরাইড

ব্যাখ্যা : ক্যাটায়নসমূহের শনাক্তকরণ পরীক্ষা-

আয়ন	নমনা লবণে যোগকৃত পদার্থ	উৎপন্ন যৌগ	পর্যবেক্ষণ
Na^+	পটাশিয়াম পাইরো অ্যান্টিমোনেট ($K_2H_2Sb_2O_7$)	$Na_2H_2Sb_2O_7$	সাদা অধঃক্ষেপ
K^+	সোডিয়াম কোবাল্ট নাইট্রাইট $Na_3[Co(NO_2)_6]$	$K_3[Co(NO_2)_6]$	হলুদ অধঃক্ষেপ
Mg^{2+}	$Na_2HPO_4 + NH_4OH$	$MgCOO_2$	সাদা অধঃক্ষেপ
Ca^{2+}	অ্যামোনিয়াম অক্সালেট $(NH_4)_2(-OOC-COO-)$	$Ca_2(-OOC-COO-)$	সাদা অধঃক্ষেপ
Ba^{2+}	পটাশিয়াম ক্রোমেট ($KCrO_4$)	$BaCrO_4$	হলুদ অধঃক্ষেপ
Al^{3+}	$NH_4OH/NaOH$	$Al(OH)_3$	প্রথমে সাদা অধঃক্ষেপ পরে অধঃক্ষেপ দ্রবীভূত
NH_4^+	নেসলার বিকারক ($K_2HgI_4 + NaOH/KOH$)	$NH_2Hg_2I_3$	বাদামী অধঃক্ষেপ
Pb^{2+}	KI	PbI_2	হলুদ অধঃক্ষেপ
Fe^{2+}	i) NH_4OH ii) $K_3[Fe(CN)_6]$	i) $Fe(OH)_2$	i) সবুজ অধঃক্ষেপ ii) গাঢ় নীল অধঃক্ষেপ

Ans : A.

৬৫. উপশক্তিস্তর s এর জন্য l ও m এর মান যথাক্রমে-

- A. 0, 1 B. 1, 0 C. 0, 0 D. 1, 1

ব্যাখ্যা : উপস্তরের l এর মান, অরবিটাল সংখ্যা ও ইলেকট্রন সংখ্যা-

উপস্তর	l এর মান	m এর মান	অরবিটাল সংখ্যা (2l+1)	মোট ইলেকট্রন 2(2l+1)
s	0	0	1	1
p	1	+1, 0, -1	3	6
d	2	+2, +1, 0, -1, -2	5	10
f	3	+3, +2, +1, 0, -1, -2, -3	7	14

Ans : C.

৬৬. H_3O^+ আয়নে কতটি ইলেকট্রন বিদ্যমান?

- A. 11 B. 10 C. 9 D. 8

ব্যাখ্যা : ${}_1H = (3 \times 1) = 3$

${}_8O^+ = (7 \times 1) = 7$

∴ H_3O^+ আয়নে 10টি ইলেকট্রন।

Ans : B.

৬৭. কোন যৌগে হাইড্রোজেন বন্ধন আছে?

- A. H_2O B. H_2S C. BH_3 D. HCl

ব্যাখ্যা : হাইড্রোজেন বন্ধন গঠনের শর্ত :

H এর সাথে অধিক তড়িৎ ঋণাত্মক মূলক যুক্ত থাকতে হবে।

উদাহরণ : H_2O , HCl , HI , CH_3OH ইত্যাদি।

Ans : A.

৬৮. কোনটির উপর ভিত্তি করে মৌলের ধর্মাবলির পরিবর্তন ও পুনরাবৃত্তি ঘটে?

- A. ইলেকট্রন বিন্যাস B. ইলেকট্রন আসক্তি
C. পরমাণুর আকার D. আয়নিকরণ বিভব

ব্যাখ্যা : • মৌলের পর্যায়ভিত্তিক শ্রেণিবদ্ধকরণের মূলভিত্তি হলো মৌলের ইলেকট্রন বিন্যাস।

• ইলেকট্রন বিন্যাসের উপর ভিত্তি করে নিম্নলিখিত ভাবে মৌলের পর্যায়বৃত্ত ধর্মসমূহ পরিবর্তিত হয়।

ধর্মসমূহ	একই পর্যায়ে বাম থেকে ডানে	একই গ্রুপে উপর থেকে নিচে
তড়িৎ ঋণাত্মকতা	বাড়ে	বামে
আয়নিকরণ শক্তি	বাড়ে	বামে
ইলেকট্রন আসক্তি	বাড়ে	কমে
ধাতব বৈশিষ্ট্য	কমে	বাড়ে
অধাতব বৈশিষ্ট্য	বাড়ে	কমে
পরমাণুর আকার	কমে	বাড়ে
পারমাণবিক ব্যাসার্ধ	কমে	বাড়ে
কক্ষপথের সংখ্যা	পরিবর্তন নেই	বাড়ে
নিউক্লিয়াসের ধনাত্মক চার্জ	বাড়ে	কমে

Ans : A.

৬৯. NH_4Cl যৌগ কোন বন্ধন বিদ্যমান?

- A. সমযোজী B. আয়নিক C. সন্নিবেশ সমযোজী D. সবগুলো

ব্যাখ্যা : NH_4Cl এ তিনটি বন্ধন বিদ্যমান-

• NH_3 তে নাইট্রোজেন ও হাইড্রোজেনের মধ্যে সমযোজী বন্ধন বিদ্যমান।

• $H_3N: \rightarrow H^+ \rightarrow NH_4^+$ এ সন্নিবেশ সমযোজী বন্ধন বিদ্যমান।

• $NH_4^+ + Cl^- \rightarrow NH_4Cl$ এ আয়নিক বন্ধন বিদ্যমান।

এ রকম ৩টি বন্ধন বিদ্যমান এ রকম আরো কিছু যৌগের উদাহরণ-

KBF_4 , $K_4[Fe(CN)_6]$, $[Cu(NH_3)_4]SO_4$, Na_2SO_4

Ans : D.

৭০. এসিডের তীব্রতা অনুসারে কোনটি সত্য?

- A. $HNO_3 > H_3PO_4$ B. $HNO_2 > H_3PO_3$
C. $H_2SO_4 < HNO_3$ D. $HNO_2 = HNO_3$

ব্যাখ্যা : এসিডের তীব্রতা-

• অক্সো এসিড সমূহের কেন্দ্রীয় পরমাণুর ধনাত্মক জারণ সংখ্যা যত বেশি এসিডের তীব্রতা তত বেশি হয়।

${}^{-7}HClO_4 > {}^{+6}H_2SO_4 > {}^{+5}HNO_3 > {}^{-4}H_2SO_3 > {}^{-3}HNO_2 > {}^{+2}H_2NO_2 > {}^{+1}HClO$

• অক্সো এসিডসমূহের কেন্দ্রীয় পরমাণুর ধনাত্মক জারণ সংখ্যা সমান হলে তখন সেটির কেন্দ্রীয় পরমাণুর আকার ছোট হলে সে এসিডের তীব্রতা বেশি হয়।

${}^{+3}HNO_3 > {}^{+3}H_3PO_4 > {}^{+3}H_3AsO_4$

Ans : A & B.

৭১. তাপ প্রয়োগে তাপউৎপাদী বিক্রিয়ার সাম্যাবস্থা কোন দিকে অগ্রসর হয়?

- A. সামনের দিকে B. পেছনের দিকে
C. স্থির থাকে D. সাম্যাবস্থা বিলুপ্ত হয়

ব্যাখ্যা : রাসায়নিক সাম্যাবস্থার তাপমাত্রার প্রভাব-

বিক্রিয়ার ধরণ	তাপমাত্রা	সাম্যাবস্থা	উৎপাদ
তাপোৎপাদী	বাড়ালে	←	কমে
	কমালে	→	বাড়ে
তাপহারী	বাড়ালে	→	বাড়ে
	কমালে	←	বামে

NB : → সম্মুখ দিকে ; ← পশ্চাৎ দিকে।

Ans : B.

৭২. কোন উপাদান দ্বারা খাদ্য সংরক্ষণ পদ্ধতিকে কিউরিং বলে?

- A. লবণ B. ভিনেগার
C. ফরমালিন D. তেল

ব্যাখ্যা : • লবণ দ্বারা খাদ্য দ্রব্য সংরক্ষণের পদ্ধতিকে কিউরিং বলা হয়।

• ভিনেগার যোগের ফলে খাদ্য দ্রব্যের pH এর মান 4 এর নিচে নেমে যায়। 4.5 এর কম pH এ ব্যাকটেরিয়া জন্মে না।

• মিথানায়ালের 40% জব্বীয় দ্রবণকে ফরমালিন বলে।

Ans : A.

৭৩. $S_4O_6^{2-}$ আয়নে S এর জারণ সংখ্যা কত?

- A. -3 B. +3
C. -2.5 D. +2.5

ব্যাখ্যা : $S_4O_6^{2-}$ এ S এর জারণ সংখ্যা-

$$x \times 4 + (-2) \times 6 = -2$$

$$\Rightarrow 4x - 12 = -2 \Rightarrow 4x = 10 \Rightarrow x = +2.5$$

Ans : D.

৭৪. কোন তড়িৎদ্বার জারণ প্রক্রিয়া বোঝায়?

- A. Zn^{2+}/Zn B. Zn/Zn^{2+}
C. Cu^{2+}/Cu D. H^+/H_2Pt

ব্যাখ্যা : ডেনিয়েল কোষে বিক্রিয়া-

অ্যানোড অর্ধকোষ বিক্রিয়া : $Zn(s) \rightarrow Zn^{2+}(aq) + 2e^-$

ক্যাথোড অর্ধকোষ বিক্রিয়া : $Cu^{2+} + 2e^- \rightarrow Cu(s)$

কোষ বিক্রিয়া : $Zn + Cu^{2+} \rightarrow Zn^{2+} + Cu$

কোষ বিক্রিয়া : $Zn(s)/ZnSO_4(aq) \parallel CuSO_4(aq)/Cu$

• বামপাশ সর্বদা অ্যানোড প্রান্ত, এখানে জারণ ঘটে।

• ডানপাশ সর্বদা ক্যাথোড প্রান্ত, এখানে বিজারণ ঘটে।

Ans : B.

৭৫. কোন যৌগটি ক্যানিজারো বিক্রিয়া দেবে?

- A. H_3CCHO B. H_3CCOCH_3
C. $(H_3C)_3CCHO$ D. $HCHO$

ব্যাখ্যা : ক্যানিজারো বিক্রিয়া-

• যে সব অ্যালডিহাইড বা কিটোনের অণুতে α -কার্বনে H পরমাণু নেই তারাই ক্যানিজারো বিক্রিয়া দেয়।

• যে সব যুগপৎ জারিত হয়ে কার্বিলিক এসিডের লবণ এবং বিজারিত হয়ে অ্যালকোহলে পরিণত হয়।

• ক্যানিজারো বিক্রিয়া দেয় $H-CHO$, $(CH_3)_3C-CHO$, C_6H_5-CHO


Ans : C & D.

৭৬. ডিন কার্বন বিশিষ্ট একটি জৈব যৌগ X জারিত হয়ে Y উৎপন্ন করে। Y যৌগটি 2, 4-DNP-এর সাথে হলুদ অধঃক্ষেপ উৎপন্ন করে। কিন্তু Y ফেহলিং দ্রবণের সাথে বিক্রিয়া করে না। X যৌগটির সংকেত-
A. CH₃-CH₂-CH₂-OH B. CH₃-CH₂-CHO
C. CH₃-CO-CH₃ D. CH₃-CH(OH)-CH₃


ব্যাখ্যা : সেকেন্ডারী অ্যালকোহলকে লঘু H₂SO₄ যুক্ত K₂Cr₂O₇ দ্বারা জারিত করে কিটোন প্রস্তুত করা হয়।
CH3-CH(OH)-CH3 + [O] ->[K2Cr2O7, H2SO4] CH3-CO-CH3 + H2O
প্রোপানোন যৌগটি 2, 4-DNP এর সাথে হলুদ অধঃক্ষেপ উৎপন্ন করে এবং ফেহলিং দ্রবণের সাথে বিক্রিয়া করে না। অ্যালডিহাইড ফেহলিং দ্রবণের সাথে বিক্রিয়া দেয়।
Ans : D.

৭৭. পলি ইথিলিন কোনটির পলিমার?
A. C₂H₆ B. C₂H₄
C. C₂H₂ D. C₂H₂Cl₂

ব্যাখ্যা :

নাম	মনোমার	পলিমার
পলিইথিলিন (পলিথিন)	CH ₂ = CH ₂	(-CH ₂ -CH ₂ -) _n
পলিপ্রোপিলিন	CH ₃ CH = CH ₂	(-CH ₂ -CH-) _n
পলিভিনাইল ক্লোরাইড (PVC)	CH ₃ = CHCl ভিনাইল ক্লোরাইড	(-CH ₂ -CH-) _n Cl
পলিটetraফ্লোরো ইথিন (PTFE) (টেকলন)	CF ₂ = CF ₂	(-CF ₂ -CF ₂ -) _n
পলিস্টাইরিন (পলিফিনাইল ইথিন)	CH ₂ =CH 	

Ans : B.
৭৮. কোনটি জ্যামিতিক সমান্তরতা প্রদর্শন করে?
A. 1-বিউটিন B. 1-ক্লোরো-1-পেপ্টিন
C. 2-বিউটিন D. 1-পেপ্টিন

ব্যাখ্যা : জ্যামিতিক সমান্তরতা প্রদর্শনের শর্ত :
(i) দ্বিবন্ধন বা চক্রিক যৌগ হতে হবে।
(ii)  গঠন থাকতে হবে যেখানে A ≠ B এবং X ≠ Y
2-বিউটিন এ কার্বন কার্বন দ্বি-বন্ধন বিদ্যমান।
CH3-CH=CH-CH3 cis - বিউটিন-2
CH3-CH=CH-CH3 trans - বিউটিন-2
Ans : C.

৭৯. ফেনলকে ব্রোমিন পানির সাথে বিক্রিয়া করলে প্রধান উৎপাদ হবে-
A. 2, 4, 6-ট্রাইব্রোমো ফেনল B. 2-ব্রোমো ফেনল
C. 4-ব্রোমো ফেনল D. 2, 4-ডাইব্রোমো ফেনল

ব্যাখ্যা : পরীক্ষনালে ফেনলের দ্রবণ নিয়ে তাতে 2-4 ফোঁটা ব্রোমিন যোগ করলে 2, 4, 6-ট্রাই ব্রোমো ফেনলের সাদা অধঃক্ষেপের সৃষ্টি হয়।
c1ccccc1.O + 3Br2 -> c1cc(Br)cc(Br)c1.Br + 3HBr
2, 4, 6-ট্রাই ব্রোমো ফেনল (সাদা)
Ans : A.

৮০. কোনটি অধিক ক্ষারধর্মী-
A. C₆H₅-NH₂ B. R-NH₂ C. R₂-NH D. R₃N
ব্যাখ্যা: ক্ষারধর্মীতার ক্রম: R₂-NH > R-NH₂ > R₃N > C₆H₅-NH₂
• ডাই মিথাইল অ্যামিন [(CH₃)₂NH] এর ক্ষারধর্মীতা মিথাইল অ্যামিন CH₃NH₂ অপেক্ষা বেশি কারণ ডাই মিথাইল অ্যামিন দুটি মিথাইল মূলক নাইট্রোজেন পরমাণুতে ইলেকট্রনের ঘনত্ব বৃদ্ধি করে এবং একে অধিকতর প্রোটন আকর্ষী করে থাকে ফলে ডাই মিথাইল অ্যামিন অধিক তীব্র ক্ষারক।
Ans : C.

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (A Unit)
শিক্ষাবর্ষ : 2017-2018 [Set- 5]

০১. সংকার শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?
A. স + কার B. সং + কার
C. সম্ + কার D. সম্ + আকার

ব্যাখ্যা : কিছু বিশেষ নিয়মে সন্ধি সন্ধি-
• সম্ + কার = সংকার • সম্ + কৃত = সংকৃত
• পরি + কার = পরিষ্কার • পরি + কৃত = পরিস্কৃত
• উৎ + স্থান = উৎস্থান • উৎ + স্থাপন = উৎস্থাপন
Ans : C.

০২. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে তাঁর আত্মজীবনী লেখা আরম্ভ করেন?
A. 1952 B. 1967 C. 1962 D. 1957

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমে 'বঙ্গবন্ধুর দিনগুলি' সংকলনটি নিয়ে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
• বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই আত্মজীবনীটি লেখেন - ১৯৬৭ সালের মাঝামাঝি সময়ে ঢাকা সেন্ট্রাল হাসপাতালে।
• ১৯৬৮ সালের ১৭ই জানুয়ারী আত্মজীবনী লেখা বন্ধ হয়ে যায়।
• জীবনীটিতে ১৯৫৫সাল পর্যন্ত ঘটনার বর্ণনা স্থান পেয়েছে।
• সংকলনটিতে ভাষা আন্দোলনের সময় বঙ্গবন্ধুর জেলজীবন ও জেল থেকে মুক্তি লাভের স্মৃতি বিবৃত হয়েছে।
• প্রথম লাইন - 'এদিকে জেলের ভেতর আমরা দুইজনে প্রস্তুত হচ্ছিলাম অনশন ধর্মঘট করার জন্য'
Ans : B.

০৩. 'মেঘনাদবধ কাব্য' কয়টি সর্গে বিন্যস্ত?
A. সাতটি B. আটটি C. নয়টি D. দশটি

ব্যাখ্যা : • 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যংশটুকু মাইকেল মধুসূদন দত্তের 'মেঘনাদবধ-কাব্যে'র 'বধো' (বধ) নামক ষষ্ঠ সর্গ থেকে সংকলিত হয়েছে।
• 'বিভীষণের প্রতি মেঘনাদ' কাব্যংশটি ১৪ মাত্রার অমিল প্রবহমান যতিবাহীনে অক্ষরবৃত্ত ছন্দে রচিত। প্রথম পঙ্ক্তির সঙ্গে দ্বিতীয় পঙ্ক্তির চরণান্তের মিলহীনতার কারণে এ ছন্দ 'অমিত্রাক্ষর ছন্দ' নামে সমধিক পরিচিত। এ কাব্যংশের প্রতিটি পঙ্ক্তি ১৪ মাত্রায় এবং ৮ + ৬ মাত্রার দুটি পর্বে বিন্যস্ত।
Ans : C.

!!! বের হয়েছে !!!
পানকৌড়ি
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ
ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক
♦ বিজ্ঞান - A & H Unit ♦ বিজ্ঞান - D Unit
♦ মানবিক - B, F, I Unit ♦ মানবিক - C, CI Unit
♦ বিবিএ - E Unit ♦ আইবিএ - G Unit

০৪. 'The Seven Cs' is known as-
- 20th Century Lifelong skills
 - 21st Century Lifelong skills
 - 22nd Century Lifelong skills
 - None of the above

ব্যাখ্যা : 21st century live long skill 'Seven Cs' নামে পরিচিত-

- Critical thinking and doing.
- Creativity
- Colaboration
- Cross-cultural understanding
- Communication
- Computing
- Career and Learning Self-reliance

Ans : B.

০৫. What is the antonym of adolescence?

- Boyhood
- Girlhood
- Infancy
- Youth

ব্যাখ্যা : Adolescence - কৈশোর/বয়স্ককাল

Synonym : Boyhood, Youth, Adolescence

Antonym : Infancy, Childhood, Babyhood

Ans : C.

০৬. 'Everyone has the right to freedom of peaceful assembly and association' _____ is the _____ no. article of the declaration of human rights.

- 16 (1)
- 18 (1)
- 20 (1)
- 22 (1)

ব্যাখ্যা : According to Universal Declaration of Human Rights (UDHR) Article-20

- Everyone has the right to freedom of peaceful assembly and association.
- No one may be compelled to belong to an association.

Ans : C.

০৭. প্রাইস্টেসিন চত্বরভূমি কোন জেলায় অবস্থিত?

- ঢাকা
- চট্টগ্রাম
- খুলনা
- সিলেট

ব্যাখ্যা : প্রাইস্টেসিনকালের চত্বরভূমি অবস্থিত অঞ্চলগুলো-

- ঢাকা - (গাজীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ জেলা)।
- রাজশাহী - (শওড়া, পাবনা, রংপুর, দিনাজপুর)।
- কুমিল্লা।

• প্রাইস্টেসিনকাল গঠিত হয় - ২৫,০০০ পূর্বে।

• প্রাইস্টেসিনকালের ভূমি - ৩ প্রকার।

- উত্তর-পশ্চিমাংশের বরেন্দ্রভূমি।
- মধ্যভাগের মধুপুর ও ভাওয়ালের গড়।
- কুমিল্লা জেলার লালমাই পাহাড়।

Ans : A.

০৮. পৃথিবীর নিকটতম নক্ষত্র কোনটি?

- লুক্স
- সূর্য
- শুক্রে
- কোনটিই নয়

ব্যাখ্যা : • পৃথিবীর নিকটতম নক্ষত্র - সূর্য।

- সূর্য থেকে পৃথিবীর দূরত্ব - ১৫ কোটি কি: মি:।
- সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে - ৮ মিনিট ১৯ সেকেন্ড।
- পৃথিবীর দ্বিতীয় নিকটতম নক্ষত্র - প্রক্সিমা সেন্টারাই।
- পৃথিবী থেকে এর দূরত্ব - ৩৮ লক্ষ কোটি কি:মি:।

Ans : B.

০৯. 'গ্রীনহাউজ' শব্দটি প্রথম ব্যবহৃত হয় কোন সালে?

- ১৮৯৬
- ১৯৯৫
- ১৯৯৯
- ২০০২

Ans : A.

১০. যখন সূর্য ও চন্দ্রের মধ্যে একই সরলরেখায় পৃথিবী অবস্থান করে, তখন কী হয়?

- সূর্যগ্রহণ
- চন্দ্রগ্রহণ
- পূর্ণিমা
- অমাবস্যা

ব্যাখ্যা : পৃথিবী যখন পরিভ্রমণের অবস্থায় কিছু সময়ের জন্য চাঁদ ও সূর্যের মাঝখানে এসে পড়ে। তখনই পৃথিবী, চাঁদ ও সূর্য একই সরলরেখার অবস্থান করে। তখন পৃথিবীর দর্শক চাঁদকে কিছু সময়ের জন্য অদৃশ্য দেখেন এই ঘটনাকে চন্দ্রগ্রহণ বলে।

Ans : B.

১১. ভূত্বকের ঘনত্ব কত?

- ২.৬
- ৩.৬
- ৪.৬
- ৫.৬

ব্যাখ্যা : • ভূত্বক : পৃথিবীর ওপরের কঠিন ও পাতলা শিলাস্তরকে ভূত্বক বলে।

• ভূত্বকের ঘনত্ব - ২.৬ থেকে ২.৮।

• ভূত্বকে দুইটি তরে ভাগ করা হয়- সিয়াল এবং সিমা।

Ans : A.

১২. অশ্বমন্ডলের গভীরতা কত মাইল?

- ৮০-১০০
- ২০০-৩০০
- ৮০০-১০০০
- ৫০০-৭০০

ব্যাখ্যা : • অশ্বমন্ডল এর গভীরতা - ৮০-১০০ কি:মি:।

• গুরুমন্ডল এর গভীরতা - ২৮৮৫ কি:মি:।

• কেন্দ্রমন্ডল এর গভীরতা - ৩৪৮৬ কি:মি:।

Ans : A.

১৩. বাংলাদেশের ভূমি প্রধানত কোন শিলা দ্বারা গঠিত?

- আগ্নেয়
- পাললিক
- রূপাঙ্কিত
- সবগুলো

ব্যাখ্যা : পাললিক শিলা হলো এক প্রকারের শিলা যা ছোট ছোট কণা জমে বা জমা করে এবং পর্বতকালে পৃথিবীর পৃষ্ঠে সমুদ্রের তলে বা জলের অন্যান্য দেহের খনিজ বা জৈব কণার সিমেন্টেশন দ্বারা গঠিত হয়। পৃথিবীর ভূত্বকের মহাদেশগুলির পলল শৈল আবরণ বিস্তৃত (পৃথিবীর বর্তমান স্থল পৃষ্ঠে ৭৩%) তবে পলির শিলাগুলির মোট ভূত্বকে ৮% হিসাবে অনুমান করা হয়।

Ans : B.

১৪. পদ্মানদীর উৎস কোথায়?

- রাজমহল পাহাড়
- শিলং
- হিমালয়
- কোনটিই নয়

ব্যাখ্যা : • পদ্মানদীর উৎপত্তিস্থল - হিমালয় পর্বতের গঙ্গোত্রী হিমবাহ।
বাংলাদেশের প্রধান প্রধান নদীসমূহের উৎপত্তিস্থল-

নদী	উৎপত্তিস্থল
পদ্ম	হিমালয় পর্বতের গঙ্গোত্রী হিমবাহ।
মেঘনা	আসামের নাগা মণিপুর পাহাড়ের দক্ষিণ লুসাই পাহাড়।
ব্রহ্মপুত্র	তিব্বতের হিমালয়ের কৈলাশ শৃঙ্গের নিকট মানস সরোবর হ্রদ থেকে।
কর্ণফুলী	মিজোরামের লুসাই পাহাড়।
সাতু	আরাকান পাহাড়।
হালদা	খাগড়াছড়ির বদনাতলী পর্বতশৃঙ্গ।

Ans : C.

১৫. কোন আয়নটি নেসলার দ্রবণের সাথে বিক্রিয়া করে বাদামী অধঃক্ষেপ দেয়?

- Cu²⁺
- Ca²⁺
- NH₄⁺
- Na⁺

ব্যাখ্যা : ক্যাটায়নসমূহের শনাক্তকরণ পরীক্ষা-

আয়ন	নমুনা লবণে যোগকৃত যৌগ	উৎপন্ন যৌগ	পর্যবেক্ষণ
NH ₄ ⁺	নেসলার বিকারক (K ₂ HgI ₄ + NaOH/KOH)	NH ₂ Hg ₂ I ₃	বাদামী অধঃক্ষেপ
Na ⁺	পটাসিয়াম পাইরো অ্যান্টিমোনেট (K ₂ H ₂ Sb ₂ O ₇)	Na ₂ H ₂ Sb ₂ O ₇	সাদা অধঃক্ষেপ
Ca ²⁺	অ্যামোনিয়াম অক্সালেট (NH ₄) ₂ (-OOC-COO)	Ca ₂ (-OO C-COO-)	সাদা অধঃক্ষেপ

Ans : C.

১৬. উপশক্তি স্তর p এর জন্য l ও m এর মান যথাক্রমে-
 A. 1 ও 1, 0, -1 B. 0 ও 1, 0, -1
 C. 0, 1 ও 1, 0 D. 1, 0, -1 ও 1

ব্যাখ্যা : উপস্তরের l এর মান, অববীটাল সংখ্যা ও ইলেকট্রন সংখ্যা-

উপস্তর	l এর মান	m এর মান	অববীটাল সংখ্যা (2l+1)	মোট ইলেকট্রন 2(2l+1)
s	0	0	1	1
p	1	+1, 0, -1	3	6
d	2	+2, +1, 0, -1, -2	5	10
f	3	+3, +2, +1, 0, -1, -2, -3	7	14

Ans : A.

১৭. NH_4^+ আয়নে কতটি ইলেকট্রন বিদ্যমান?
 A. 12 B. 11 C. 5 D. 10

ব্যাখ্যা : $H_3N: \rightarrow H^+ = NH_4^+$
 NH_4^+ এ সন্নিবেশ সমযোজী বন্ধন বিদ্যমান।
 $\therefore NH_3$ এ ইলেকট্রন সংখ্যা: $7N \rightarrow 7$
 $3H \rightarrow (1 \times 3) = 3$
 $\therefore NH_4^+$ এ ইলেকট্রন সংখ্যা 10টি।
 Ans : D.

১৮. কোন যৌগে হাইড্রোজেন বন্ধন আছে?
 A. ফেনল B. বেনজালডিহাইড C. বেনজিন D. নাইট্রোমিথেন

ব্যাখ্যা : হাইড্রোজেন বন্ধন দুই ধরনের-
 • HF, H_2O , অ্যালকোহল (CH_3OH) ও ফেনলে (C_6H_5OH) এর মধ্যে আন্তঃআণবিক হাইড্রোজেন বন্ধন বিদ্যমান।
 • আন্তঃআণবিক H বন্ধন একটি অণুর দুটি ভিন্ন মূলকের মধ্যে ঘটে বলয় সৃষ্টি করে। যেমন-
 i) অর্থো নাইট্রো ফেনলের $-OH$ ও $-NO_2$ গ্রুপের মধ্যে এবং
 ii) অর্থো হাইড্রোক্সি বেনজালডিহাইড $-OH$ ও $-CHO$ গ্রুপের মধ্যে বলয় সৃষ্টি হয়।
 Ans : A.

১৯. কোন নিষ্ক্রিয় গ্যাসটি s ব্লক মৌল?
 A. Ne B. Ar C. Kr D. He

ব্যাখ্যা : ইলেকট্রনীয় কন্ফিগারেশনে ভিত্তিতে মৌলের শ্রেণীবিন্যাস-

মৌলের ব্লক	বহিঃস্তরের কন্ফিগারেশন	গ্রুপ	প্রচলিত নাম	মৌলের সংখ্যা
s ব্লক মৌল	ns^1 বা ns^2	I(A), II(A) ও হিলিয়াম	ক্ষারধাতু/ক্ষার ধাতু	14
p ব্লক মৌল	$ns^2 np^{1-6}$	III A, IV A, V A, VI A, VII A এবং O(He ব্যতীত)	Gr-VIIIA তে নিষ্ক্রিয় ধাতু ও গ্যাস GrVIIA কে হ্যালোজেন বলে	36
d ব্লক মৌল	$(n-1)d^{1-10} ns^2$	IB, IIB, IIIB, IVB, VB, VIB, VIIB, VIII	অবস্থান্তর মৌল	41
f ব্লক মৌল	$(n-2)f^{1-14} (n-1)d^0-1 ns^2$	IIIB	4f কে বিরল যুক্তিকা মৌল বলে	27

Ans : D.

২০. NH_3BF_3 যৌগে কোন বন্ধন বিদ্যমান?
 A. সমযোজী B. আয়নিক
 C. সমযোজী ও সন্নিবেশ সমযোজী D. সন্নিবেশ সমযোজী

ব্যাখ্যা : NH_3 তে তিনটি সমযোজী বন্ধন আছে (sp^3)
 BF_3 তে তিনটি সমযোজী বন্ধন আছে (sp^2)
 NH_3BF_3 যৌগটিতে একটি সন্নিবেশ বন্ধন আছে।
 Ans : C.

২১. কোন এসিডটি তীব্রতম?
 A. $HClO_4$ B. $HBrO_4$
 C. $HClO_3$ D. HNO_2

ব্যাখ্যা : এসিডের তীব্রতা-
 • অম্ল এসিডসমূহের কেন্দ্রীয় পরমাণুর ধনাত্মক জারণ সংখ্যা যত বেশি এসিডের তীব্রতা তত বেশি হয়।
 $HClO_4 > HBrO_4 > HClO_3 > HNO_2$
 • অম্ল এসিডের কেন্দ্রীয় পরমাণুর ধনাত্মক জারণ সংখ্যা সমান হলে তখন যৌগের কেন্দ্রীয় পরমাণুর আকার ছোট হলে সে এসিডের তীব্রতা বেশি হয়।
 • ক্লোরিনের আকার ব্রোমিন অপেক্ষা ছোট। তাই $HClO_4$ তীব্র এসিড।
 Ans : A.

২২. তাপ উৎপাদী বিক্রিয়ায় ঠান্ডা করার ব্যবস্থা নিলে সাম্যাবস্থা কোন দিকে অগ্রসর হয়?
 A. সামনের দিকে B. পেছনের দিকে
 C. স্থির থাকে D. সাম্যাবস্থা বিলুপ্ত হবে

ব্যাখ্যা : রাসায়নিক সাম্যাবস্থার তাপমাত্রার প্রভাব-

বিক্রিয়ার ধরণ	তাপমাত্রা	সাম্যাবস্থা	উৎপাদ
তাপোৎপাদী	বাড়ালে	←	কমে
	কমালে	→	বাড়ে
তাপহারী	বাড়ালে	→	বাড়ে
	কমালে	←	বামে

NB : → সামুখ দিকে ; ← পশ্চাৎ দিকে।

Ans : A.

২৩. খাদ্যের কোন উপাদানটি মূলত পচনের জন্য দায়ী?
 A. ভিটামিন B. লবণ
 C. চিনি D. পানি

ব্যাখ্যা : • খাদ্যে উপস্থিত পানি খাদ্য পচনের জন্য দায়ী।
 • লবণ দ্বারা খাদ্য সংরক্ষণের প্রক্রিয়াকে কিউরিং বলে।
 • ফল, আচার, জেলী, মারমালেট প্রভৃতি সংরক্ষণের ক্ষেত্রে প্রিজারভেটিভস হিসেবে চিনি ব্যবহার করা হয়।
 • 60% ঘনমাত্রার চিনি লবণের মতো কাজ করে।
 • ফরমালিনে 40% H-CHO, 8% CH_3OH ও 52% পানি বর্তমান থাকে। এটি শক্তিশালী জীবাণুনাশক।
 • ভিটামিন খাদ্য দ্রব্যে additives হিসেবে ব্যবহৃত হয়।
 Ans : D.

২৪. $Na_2S_2O_3 + I_2 \rightarrow Na_2S_4O_6 + NaI$ বিক্রিয়ায় S এর জারণ মান বৃদ্ধি পেয়েছে কত একক?
 A. +0.5 B. +1
 C. +2 D. +2.5

ব্যাখ্যা :

বিজারক	সংশ্লিষ্ট মৌল	মূল জারণ সংখ্যা	বর্জিত সংখ্যা	পরিবর্তিত জারণ সংখ্যা	বিক্রিয়ার পরে পরিবর্তিত রূপ
KI	I	-1	-e	0	I_2
H_2	H	0	-e	+1	H^+
Cu	Cu	0	-2e	+2	Cu^{2+}
Zn	Zn	0	-2e	+2	Zn^{2+}
I^-	I	-1	-e	0	I_2
$Na_2S_2O_3$	S	+2	-0.5e	+2.5	$S_4O_6^{2-}$

Ans : A.

২৫. কোন তড়িৎদ্বার বিজারণ প্রক্রিয়া বোঝায়?
A. Fe/Fe²⁺ B. Cu²⁺/Cu C. Zn/Zn²⁺ D. H₂Pt/H⁺

ব্যাখ্যা : ডেনিয়েল কোষ বিক্রিয়া-
অ্যানোড অর্ধকোষ বিক্রিয়া : Zn(s) → Zn²⁺(aq) + 2e⁻
ক্যাথোড অর্ধকোষ বিক্রিয়া : Cu²⁺ + 2e⁻ → Cu(s)
কোষ বিক্রিয়া : Zn + Cu²⁺ → Zn²⁺ + Cu
কোষ বিক্রিয়া : Zn(s)/ZnSO₄(aq) || CuSO₄(aq)/Cu
• বামপাশ সর্বদা অ্যানোড প্রান্ত, এখানে জারণ ঘটে।
• ডানপাশ সর্বদা ক্যাথোড প্রান্ত, এখানে বিজারণ ঘটে।
Ans : B.

২৬. কোন যৌগটি অ্যালডল বিক্রিয়া দিবে?
A. HCHO B. C₆H₅CHO C. H₃CCHO D. (H₃C)₂CCHO

ব্যাখ্যা : অ্যালডল ঘনীভবন বিক্রিয়া- যে সব অ্যালডিহাইডে α কার্বনে হাইড্রোজেন পরমাণু উপস্থিত থাকে তারা অ্যালডল ঘনীভবন বিক্রিয়া দেয়।
যেমন : CH₃-CHO, CH₃-CH₂-CHO ইত্যাদি।
Ans : C.

২৭. তিন কার্বন বিশিষ্ট একটি জৈব যৌগ X জারিত হয়ে Y উৎপন্ন করে। Y যৌগটি 2, 4-DNP এর সাথে হলুদ অধঃক্ষেপ উৎপন্ন করে কিন্তু ফেহলিং দ্রবণের সাথে বিক্রিয়া করে না। X যৌগটির সংকেত-
A. CH₃-CH₂-CH₂-OH B. CH₃-CH₂-CHO
C. CH₃-CO-CH₃ D. CH₃-CH(OH)-CH₃

ব্যাখ্যা : সেকেন্ডারী অ্যালকোহলকে লঘু H₂SO₄ যুক্ত K₂Cr₂O₇ দ্বারা জারিত করে কিটোন প্রস্তুত করা হয়।
CH₃-CH(OH)-CH₃ + [O] $\xrightarrow[\text{H}_2\text{SO}_4]{\text{K}_2\text{Cr}_2\text{O}_7}$ CH₃-CO-CH₃ + H₂O
প্রোপানোন
যৌগটি 2, 4-DNP এর সাথে হলুদ অধঃক্ষেপ উৎপন্ন করে এবং ফেহলিং দ্রবণের সাথে বিক্রিয়া করে না। অ্যালডিহাইড ফেহলিং দ্রবণের সাথে বিক্রিয়া দেয়।
Ans : D.


২৮. PVA-এর মনোমার কোনটি?
A. CH₂=CH-CH=CH₂ B. CH₂=CH-C(Cl)=CH₂
C. CH₃COO-CH=CH₂ D. C₆H₅CH=CH.CH₃

ব্যাখ্যা :


নাম	মনোমার	পলিমার
পলিইথিলিন (পলিথিন)	CH ₂ =CH ₂	(-CH ₂ -CH ₂ -) _n
পলিপ্রোপিলিন	CH ₃ CH=CH ₂	(-CH ₂ -CH-) _n CH ₃
পলিভিনাইল ক্লোরাইড (PVC)	CH ₂ =CH-Cl ভিনাইল ক্লোরাইড	(-CH ₂ -CH-) _n Cl
পলিট্রোফ্লোরো ইথিন	CF ₂ =CF ₂	(-CF ₂ -CF ₂ -) _n
পলিস্টাইরিন (পলিফিনাইল ইথিন)	CH ₂ =CH C ₆ H ₅	(-CH ₂ -CH-) _n C ₆ H ₅
নিওপ্রিন	CH ₂ =CH Cl-C=CH ₂	(-CH ₂ -CH-) _n Cl-C=CH ₂
পলি ভিনাইল অ্যাসিটেট (PVA)	COO CH ₃ CH=CH ₂ ভিনাইল অ্যাসিটেট	(-CH-CH ₂ -) _n COO CH ₃

Ans : C.

২৯. কোনটি জ্যামিতিক সমাপুতা প্রদর্শন করে?
A. Cl₂C=CCl₂ B. CH₂Cl-CH₂Cl
C. CHCl=CHCl D. Cl₂CH-CHCl₂

ব্যাখ্যা : 1, 2 -ডাইক্লোরো ইথিন জ্যামিতিক সমাপুতা প্রদর্শন করে।

cis 1, 2-ডাইক্লোরো ইথিন trans 1, 2-ডাইক্লোরো ইথিন
• প্রতিস্থাপিত অ্যালকিনসমূহ ও চক্রিক যৌগসমূহ জ্যামিতিক সমাপুতা প্রদর্শন করে।
Ans : C.

৩০. Ph-NH₂ + HNO₃ $\xrightarrow{\text{H}_2\text{SO}_4}$ বিক্রিয়ায় উৎপাদের কত নম্বর কার্বনে NO₂ যুক্ত হবে?
A. 2 B. 3 C. 4 D. 6

ব্যাখ্যা : 60-70° তাপমাত্রায় অ্যানিলিনকে গাঢ় HNO₃ ও গাঢ় H₂SO₄ সহ উত্তপ্ত করলে মেটানাইট্রো অ্যানিলিন উৎপন্ন হয়।

অ্যানিলিন মেটানাইট্রো অ্যানিলিন
Ans : B.

৩১. গ্রিজ পরিষ্কার করতে ব্যবহার হয়-
i) অ্যালকোহল ii) এসিড
iii) অ্যাসিটোন। কোনটি সঠিক?
A. i ও ii B. i ও iii C. ii ও iii D. i, ii ও iii

ব্যাখ্যা : • অ্যাসিটোন ও অ্যালকোহল দ্বারা গ্রিজ পরিষ্কার করা হয়।
• গ্রিজ পরিষ্কারে অ্যালকোহলের পর সোডিয়াম হাইড্রোক্সাইড ব্যবহৃত হয়।
• কার্বিনোজেনিক কাঁচ পরিষ্কারে ক্রোমিক এসিড ব্যবহৃত হয়।
• কাচের যন্ত্রকে জীবাণুমুক্ত করতে ইথানল ব্যবহৃত হয়।
Ans : B.

৩২. ¹⁵₇N ও ¹⁶₈O পরস্পর-
A. আইসোটোন B. আইসোটোপ
C. আইসোবার D. কোনটিই নয়

ব্যাখ্যা : ¹⁵₇N এ নিউট্রন সংখ্যা = 15 - 7 = 8
¹⁶₈O এ নিউট্রন সংখ্যা = 16 - 8 = 8
• ¹⁵₇N ও ¹⁶₈O পরস্পরের আইসোটোন কারণ এদের নিউট্রন সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা ও প্রোটন সংখ্যা ভিন্ন।
Ans : A.

৩৩. ¹₁H এ নিউট্রন সংখ্যা-
A. 1 টি B. 0 টি C. 2 টি D. কোনটিই নয়

ব্যাখ্যা : ¹₁H এ নিউট্রন সংখ্যা = ভরসংখ্যা - প্রোটন সংখ্যা
= 1 - 1 = 0
Ans : B.

৩৪. ²⁶Fe³⁺ আয়ন অযুগ্ম ইলেকট্রন সংখ্যা-
A. 5 টি B. 6 টি C. 8 টি D. কোনটিই নয়

ব্যাখ্যা :
• ²⁶Fe এর ইলেকট্রন বিন্যাস = 1s²2s²2p⁶3s²3p⁶3d⁶4s²
• ²⁶Fe³⁺ এর ইলেকট্রন বিন্যাস = 1s²2s²2p⁶3s²3p⁶3d⁵4s⁰
∴ Fe³⁺ এ 5টি অযুগ্ম ইলেকট্রন আছে।
Ans : A.

৩৫. পরমাণুস্থ কোন ইলেকট্রন নিম্ন শক্তিস্তরে থেকে উচ্চ শক্তিস্তরে গমন করলে-
 i) শক্তি শোষণ করে ii) পরমাণুর স্থিতিস্থাপন পায়
 iii) শোষিত শক্তির পরিমাণ $\Delta E = h\lambda$ কোনটি সঠিক?
 A. i ও ii B. i ও iii C. ii ও iii D. i, ii ও iii

ব্যাখ্যা : • যখন কোনো ইলেকট্রন একটি কক্ষপথ বা শক্তিস্তর হতে অন্য শক্তি বা কক্ষপথে লাফিয়ে চলে, তখন ঐ ইলেকট্রন দ্বারা নির্দিষ্ট পরিমাণ শক্তি শোষিত বা বিকিরিত হয়।
 • যখন নিম্নশক্তিস্তর হতে উচ্চ শক্তিস্তরে লাফিয়ে চলে তখন শক্তির শোষণ এবং যখন উচ্চ শক্তিস্তর হতে নিম্নশক্তিস্তরে লাফিয়ে চলে তখন শক্তির বিকিরণ ঘটে।
 • এক্ষেত্রে শোষিত শক্তি, $\Delta E = E_2 - E_1 = h\nu$
Ans : B.

৩৬. কোনটি সর্বাধিক স্থিতিশীল কার্বোনিয়াম আয়ন-
 A. $^+CR_3$ B. $^+CHR_2$ C. $^+CH_2R$ D. $^+CH_3$

ব্যাখ্যা : • অ্যালকাইল ফ্রী রেডিক্যাল এর স্থায়িত্ব ক্রম : $CH_3^\bullet < R-CH_2^\bullet < R_2-CH^\bullet < R_3-C^\bullet$
 • অ্যালকোহলের অম্লধর্মিতার ক্রম : $1^\circ > 2^\circ > 3^\circ$
 • অ্যালকোহলের সক্রিয়তার ক্রম : $1^\circ < 2^\circ < 3^\circ$
 • অ্যালকোহলের স্ফুটনাঙ্ক : $3^\circ > 2^\circ > 1^\circ$
 • এসিড জাতকের সক্রিয়তার ক্রম : $RCOCl > R(CO)_2O > RCO_2R' > RCONH_2$
 • অ্যালকাইল মূলকের প্রভাব : $HCOOH > CH_3-COOH > CH_3-CH_2-COOH$
 • আবেশী প্রভাব : $CH_3-COOH < ClCH_2-COOH < Cl_2CH-COOH < Cl_3C-COOH$
 • অ্যামিন সমূহের ক্ষারকীয় ক্ষমতার ক্রম : $2^\circ > 1^\circ > 3^\circ$
Ans : A.

৩৭. $|2x - \frac{1}{3}| < 2$ হলে এর সমাধান কোনটি?
